ত্রিপুরা সরকার
সংখ্যালঘু কল্যান দপ্তর
আগরতলা, পশ্চিম ত্রিপুরা

**One Time Financial Support - বর্ধিত সময়সীমা সম্পর্কিত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংখ্যালঘু জাতিভুক্ত অ-উপজাতি খ্রীস্টান, অ-উপজাতি বৌদ্ধ, মুসলিম, শিখ, জৈন ছাত্র/ছাত্রীদের জানানো যাইতেছে যে রাজ্য সরকারের ঘোষিত প্রকল্প অনুযায়ী ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে দুর্বল (পরিবারের বার্ষিক আয় সর্বোচ্চ ২,৫০,০০০/- টাকা) সংখ্যালঘু জাতি ভুক্ত ছাত্র/ছাত্রীদের সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন পেশাগত পাঠ্যক্রমে পড়াশুনা করার জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এককালীন আর্থিক সহায়তা (One Time Financial Support) প্রদান করা হবে।

১) যে সকল ছাত্র/ছাত্রী ২০২৫ - ২৬ সালে কমপক্ষে ২ (দুই) বছরের পাঠ্যক্রমের জন্য সরকার অনুমোদিত রাজ্যের এবং রাজ্যের বাইরে যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ - ২৬ সালে প্রথম বর্ষে ভর্তি হয়েছেন ।

২) উক্ত প্রকল্পের সুবিধা মাত্র একবার এবং একটি বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্যই প্রদান করা হবে।

৩) bms.tripura.gov.in (citizen mode) online এর মাধ্যমে One Time Financial Support Scheme এর সহায়তার জন্য আবেদন করার পূর্বে আবেদনকারীকে অবশ্যই online Ration Card এ নিজের নাম যাচাই করে নিতে হবে । Filled up BMS application form এবং প্রদত্ত তথ্যের (Documents) মধ্যে সদৃশ থাকতে লাগবে, অন্যথায় প্রার্থীকে অযোগ্য বলে গণ্য করা হবে । bms.tripura.gov.in (citizen mode) online এর মাধ্যমে আবেদন জমা দেওয়ার পর কোন সংশোধন করা যাবে না ।

৪) যে সকল ছাত্র/ছাত্রীরা নুন্যতম ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বরসহ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং তার উপরের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন কেবলমাত্র সেই সকল ছাত্র/ছাত্রীরাই বর্ধিত সময়সীমা আগামী **২৯/১০/২০২৫** ইং তারিখ থেকে bms.tripura.gov.in (citizen mode) online এর মাধ্যমে One Time Financial Support Scheme এর সহায়তার জন্য আবেদন করতে পারবেন। এই সহায়তার জন্য তাদেরকে নিম্নোক্ত তথ্যাদির প্রত্যায়িত নকল সহ আগামী **১৫/১১/২০২৫** ইং তারিখের মধ্যে bms.tripura.gov.in (citizen mode) online এর মাধ্যমে আবেদন করে আবেদন পত্রটি নিম্নলিখিত Documents এর প্রত্যায়িত নকল সহ আগামী **২০/১১/২০২৫** ইং তারিখের মধ্যে যাচাই করণ (Verification) এর জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তরে জমা দিতে হবে (সরকারি ছুটির দিনে আবেদন পত্র গ্রহণ করা হবে না)।

(1) Filled up BMS application form (2) Mark-sheet of Madhyamik Examination (3) Mark-sheet of HS (+2 stage) Examination (4) Last year Mark sheet (Previous course) (5) 1st year Bonafide certificate & Fees structure (Original issued by Institute) (6) Self declaration of Minority community (7) PRTC (8) Ration Card (9) Aadhaar Card (10) Income Certificate from concerned SDM (Original) (11) Copy of front page of Bank passbook (Aadhaar linked and KYC updated).

৫) যে সকল ছাত্র/ছাত্রীর আবেদন State Level Verification এর পর যোগ্য বলে বিবেচিত হবে তাদের আবেদন পত্রটিই বিবেচনার জন্য গ্রহণ করা হবে ।

৬) সংখ্যালঘু কল্যাণ দপ্তরের বাৎসরিক বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে এককালীন সহায়তা প্রদানের পাঠ্যক্রম (Course) অনুসারে ছাত্র/ছাত্রীর সংখ্যা নির্ধারণ করা হবে এবং উক্ত প্রকল্পের Guideline অনুসারে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে এবং মেধা ভিত্তিতে নির্বাচিত প্রার্থীকে সকল মূল (Original) documents সংখ্যালঘু কল্যাণ দপ্তরে প্রদর্শিত করা বাধ্যতা মূলক, অন্যথায় প্রার্থীকে অযোগ্য বলে গণ্য করা হবে ।

৭) এককালীন সহায়তার মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা দুই কিস্তির মাধ্যমে দেওয়া হবে। প্রথম কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পর এবং দ্বিতীয় কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রথম বর্ষের উত্তীর্ণের প্রমাণপত্র (Pass Certificate of 1st year course i.e. 1st & 2nd Semester Mark-sheet) এবং দ্বিতীয় বর্ষের ভর্তির নিদর্শন দাখিলের পর।

উক্ত বর্ধিত সময়সীমার পর কোনো আবেদন পত্র জমা রাখা হবে না এবং এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না । বিস্তারিত বিবরণের জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, আগরতলা, পশ্চিম ত্রিপুরা যোগাযোগ করতে পারেন অথবা সংখ্যালঘু কল্যাণ দপ্তরের ওয়েবসাইট (**minoritieswelfare.tripura.gov.in**)- এ বিস্তারিত দেখা যেতে পারে।

**দূরভাষ :- ০৩৮১ - ২৩০০০৮৩**

**স্বাক্ষর**

Sd/-

অধিকর্তা
সংখ্যালঘু কল্যাণ দপ্তর
ত্রিপুরা সরকার